

স্মারক নং : বশেমুরবিপ্রবিপি/রেজিস্ট্রার দপ্তর/ গুচ্ছ ভর্তি পরীক্ষা/২০২৪/২৪২৮০

তারিখ : ০৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয় : GST গুচ্ছভুক্ত ভর্তি প্রক্রিয়ার ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এ বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদান সংক্রান্ত।

স্মারক নং-০১. বশেমুরবিপ্রবিপি/রেজিস্ট্রার দপ্তর/গুচ্ছ ভর্তি পরীক্ষা/২০২৪/২৪;

তারিখ: ১৬ জানুয়ারি, ২০২৫ খ্রি:

০২. বশেমুরবিপ্রবিপি/রেজিস্ট্রার দপ্তর/গুচ্ছ ভর্তি পরীক্ষা/২০২৪/২৪২৭৭,

তারিখ: ১৮ জানুয়ারি, ২০২৫ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভুক্ত ২০২৩-২৪ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এ অনলাইনে তথ্য ছক পূরণ করে ওয়েবসাইটের মাধ্যমে ৭ম (২য় সংশোধিত) ধাপে ভর্তির জন্য আগ্রহ প্রকাশ করেছেন তাদের মধ্যে হতে মেধাক্রমে বিষয় বরাদ্দ করা হলো (তালিকা সংযুক্ত)। শিক্ষার্থীগণকে নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

- চূড়ান্ত ভর্তি : যে সকল শিক্ষার্থীগণ নতুন করে বিষয়প্রাপ্ত হয়েছে এবং অন্য বিশ্ববিদ্যালয় হতে মাইগ্রেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর-এ বিষয়প্রাপ্ত হয়েছে সে সকল শিক্ষার্থীগণকে ১৯ জানুয়ারি ২০২৫ তারিখ, রবিবার, রাত ১২.০০ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট (<https://admission.bsmrstup.ac.bd>) এ নিজ নিজ প্রোফাইলে লগইন করে ভর্তির আবেদন ফরম পূরণ এবং ওয়েবসাইটে দেয়া নির্দেশনা অবলম্বনপূর্বক ভর্তি ফি বাবদ ১৫,২০০.০০ (পনের হাজার দুইশত মাত্র) টাকা Nagad বা Rocket মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে জমা প্রদান করে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে।
- মূল কাগজপত্র জমা : শিক্ষার্থীর মূল কাগজপত্র (ফর্ম অনুসারে) আগামী ২১ জানুয়ারি ২০২৫ তারিখ, মঙ্গলবার, সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানের মাধ্যমে ডিন, বিজ্ঞান অনুষদ (অ্যাকাডেমিক ভবন, ২য় তলা, কক্ষ নং-২০১) এ জমা নেয়া হবে। শিক্ষার্থীগণকে একটি A4 সাইজ খামের উপরে নাম, GST রোল নম্বর, ইউনিট, মেরিট পজিশন এবং বিষয়ের নাম লিখে মূল কাগজপত্র জমা দিতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের অবশ্যই ভর্তি ফি প্রদান এবং মূল কাগজপত্র জমা দিতে হবে, নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফি প্রদান এবং মূল কাগজপত্র জমা না দিতে পারলে পরবর্তীতে আর ভর্তির সুযোগ পাবে না।

### নির্দেশনা:

- ১) উক্ত সময়ে প্রয়োজনীয় ফি এবং কাগজপত্র জমা প্রদান না করলে ভর্তি বাতিল হয়ে যাবে;
- ২) ভর্তি সংক্রান্ত সকল তথ্য <https://admission.bsmrstup.ac.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে;
- ৩) ভর্তি সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে



(মোঃ রফিকুল আলম)

পরিচালক (অর্থ ও হিসাব)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও  
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

অনুলিপি :

১. ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক (সকল), বশেমুরবিপ্রবিপি;
২. ওয়েবসাইট/নোটিশ বোর্ড;
৩. অফিস কপি।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর  
৭ম (২য় সংশোধিত) ধাপে যে সকল শিক্ষার্থীগণ বিষয় প্রাপ্ত হয়েছেন তাদের তালিকা, বিষয় ও বিভাগ ও মেধাক্রম

applicant_id	unit	admission_roll	Name	position	subject
3233631	A	262283	MRIDULA BASAK	25736	Psychology
1768038	A	268290	AFRIN JAHAN LABONNO	25775	Psychology
1701852	A	172372	TANIA SULTANA	25958	Psychology
1001218	A	248921	PRANTO SOMODDER	29034	Statistics
2254322	A	247955	HAFIZA AKTER	29053	Statistics
1054258	A	265037	MD.NISHAD	29067	Statistics

*Signature*  
১১.০১.১৪